



জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Jagannath University

সরস্বতী পূজা উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান



২৩ জানুয়ারি-২০১৮, মঙ্গলবার, সকাল ১১টায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পূজা কমিটির উদ্যোগে সরস্বতী পূজা উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। মঙ্গল প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় পূজা কমিটির সভাপতি অধ্যাপক ড. প্রিয়ব্রত পাল-এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান, বিশেষ অতিথি হিসেবে বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ. কে. এম. মনিরুজ্জামান ও যুগ্ম-সাধারণ সম্পাদক ড. আবদুস সামাদ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন কেন্দ্রীয় পূজা কমিটির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. অরুণ কুমার গোস্বামী। এছাড়াও বক্তব্য প্রদান করেন দর্শন বিভাগের অধ্যাপক ড. সিদ্ধার্থ শংকর জোয়ার্দার।

আলোচনা শেষে নাচ, গান, কবিতা আবৃত্তি ও বাঁশি বাজানসহ নানা ধরনের সাংস্কৃতিক কর্মকান্ডের মাধ্যমে সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়। এসময় বিভিন্ন অনুষ্ঠানের ডিন, ইনস্টিটিউটের পরিচালক, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।